

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৭২.৯৯.০০৪.২১.৭৫

তারিখ: ৯ শ্রাবণ ১৪২৮

২৪ জুলাই ২০২১

বিষয়: কমিশন আয়োজিত ‘চতুর্থ শিল্প বিপ্লব বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন’-এর ‘Call for Paper’  
ও ‘ওয়েব লিংক’ বিশ্ববিদ্যালয়ে ব্যাপক প্রচার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনি অবগত আছেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ উপলক্ষে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন চতুর্থ শিল্প বিপ্লব বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন আয়োজনের কর্মসূচি গ্রহণ করেছে। দেশি-বিদেশি স্নানামধ্য বিশ্ববিদ্যালয় শিক্ষক, গবেষক, শিল্প উদ্যোক্তা ও নোবেল বিজয়ীদের অংশগ্রহণে আগামী ৯-১১ ডিসেম্বর ২০২১, তিন (০৩) দিনব্যাপি, “International Conference on 4<sup>th</sup> Industrial Revolution and Beyond (IC4IR 2021)” শিরোনামে আয়োজিত এ আন্তর্জাতিক সম্মেলনটি অনলাইনে অনুষ্ঠিত হবে। তবে কোভিড-১৯ পরিস্থিতির উন্নয়ন সাপেক্ষে সম্মেলনের উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান সীমিত পরিসরে সামাজিক দূরত্ব বজায় রেখে সরাসরি আয়োজনের প্রস্তুতি রয়েছে।

বর্ণিত এই ‘IC4IR 2021’ সম্মেলনের মাধ্যমে দেশের উচ্চশিক্ষা, গবেষণা, শিল্প ও প্রযুক্তি ক্ষেত্রে ৪র্থ শিল্প বিপ্লব ও তদপরবর্তী বিশ্ব প্রেক্ষাপট উপযোগী সুপারিশমালা গৃহিত হবে।

সম্মেলন উপলক্ষে “Call for Paper” আহ্বান করা হয়েছে (সংযুক্তি-১)। বিস্তারিত তথ্য সম্মেলন বিষয়ক ওয়েবসাইট (<https://www.ic4irb.org>)-এ পাওয়া যাবে। এমতাবস্থায়, আপনার বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সম্মেলন বিষয়ক ‘ওয়েব লিংক’ (<https://www.ic4irb.org>) সংযোজন ও “Call for Paper” প্রদর্শন (আপলোড)-সহ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক ও গবেষকগণের মাঝে এটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,



২৪-৭-২০২১

বিষ্ণু মল্লিক

উপ-পরিচালক, এসপিউএ বিভাগ ও জয়েন্ট

সেক্রেটারি, অর্গানাইজিং কমিটি

ফোন: ০২-৫৮১৬০২৪১

ইমেইল:

[bishnu\\_mallick@yahoo.com](mailto:bishnu_mallick@yahoo.com)

বিতরণ :

- ১) উপাচার্য, সকল পাবলিক বিশ্ববিদ্যালয়
- ২) উপাচার্য, সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়
- ৩) রেজিস্ট্রার, সকল পাবলিক বিশ্ববিদ্যালয়
- ৪) রেজিস্ট্রার, সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৭২.৯৯.০০৪.২১.৭৫/১(৬)

তারিখ: ৯ শ্রাবণ ১৪২৮

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমে নয়):

- ১) পরিচালক, বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বিশ্ববিদ্যালয়সমূহকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধক্রমে)
- ২) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বিশ্ববিদ্যালয়সমূহকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধক্রমে)
- ৩) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (কমিশনের ওয়েবসাইটে সম্মেলন বিষয়ক 'ওয়েব লিংক' সংযোজন ও "Call for Paper" প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের অনুরোধক্রমে)
- ৪) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৫) সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন



২৪-৭-২০২১

বিষ্ণু মল্লিক

উপ-পরিচালক ও জয়েন্ট সেক্রেটারি